

মুগান্ধ

প্রিন্ট: ১৮ নভেম্বর ২০২৫, ০৮:৩০ পিএম

শিক্ষান্তর

জকসু নির্বাচনে ছাত্রশিবিরের প্যানেল ঘোষণা



জবি প্রতিনিধি

প্রকাশ: ১৮ নভেম্বর ২০২৫, ০৮:৪৭ পিএম



ছবি: সংগৃহীত

জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (জকসু) নির্বাচনে প্যানেল ঘোষণা করেছে জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখা ইসলামী ছাত্রশিবির।

‘অদম্য জবিয়ান এক্য’ নামের এ প্যানেলে ভিপি পদে রয়েছেন শাখা শিবিরের সভাপতি রিয়াজুল ইসলাম, জিএস পদে শাখা সেক্রেটারি আব্দুল আলিম আরিফ এবং এজিএস পদে আপ বাংলাদেশের জবি সংগঠক মাসুদ রানা।

মঙ্গলবার (১৮ নভেম্বর) দুপুর সাড়ে ১২টায় বিশ্ববিদ্যালয়ের ভাষা শহীদ রফিক ভবনের নিচে আয়োজিত এক প্রেস ব্রিফিংয়ে এ প্যানেল ঘোষণা করা হয়। প্যানেলটি ঘোথভাবে ঘোষণা করেন বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের কেন্দ্রীয় সেক্রেটারি নুরুল ইসলাম সাদাম এবং শাখা সভাপতি রিয়াজুল ইসলাম।

প্যানেলে মুক্তিযুক্ত ও গণতন্ত্র বিষয়ক সম্পাদক হিসেবে আছেন মো. নূরনবী, শিক্ষা ও গবেষণা সম্পাদক ইব্রাহিম খলিল, বিজ্ঞান ও প্রযুক্তি সম্পাদকে সুখীমন, স্বাস্থ্য ও পরিবেশ সম্পাদকে নূর মোহাম্মদ, আইন ও মানবাধিকার সম্পাদক হাবিব মোহাম্মদ ফারুক, আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক নওশীন নওয়ার জয়া, সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক সম্পাদক নাহিদ হাসান রাসেল, গ্রীড়া সম্পাদক জার্জিস আনোয়ার নাইম, পরিবহন সম্পাদক তাওহিদুল ইসালম, সমাজসেবা ও শিক্ষার্থী কল্যাণ সম্পাদক মুস্তাফিজুর রহমান, পাঠাগার ও সেমিনার সম্পাদক মো. সোহাগ আহমেদ স্থান পেয়েছেন।

ছাত্রদলের প্যানেলে ভিপি এ কে এম রাকিব, জিএস খাদিজাতুল কুবরা

নির্বাহী সদস্য হিসেবে আছেন শান্তা আক্তার, সালেম হোসেন সিয়াম, ফাতেমা আক্তার অওরীন, আকিব হাসান, হাফেজ কাজী আরিফ, মো. মেহেদী হাসান, আব্দুল্লাহ আল ফারুক।

ভিপি রিয়াজুল ইসলাম আইন বিভাগের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থী, জিএস আব্দুল আলিম আরিফ আইন এবং ভূমি প্রশাসন বিভাগের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং এজিএস মাসুদ রানা পদার্থ বিজ্ঞান বিভাগের ২০১৯-২০ শিক্ষাবর্ষের শিক্ষার্থী।

এদিকে গত তিনদিনে দিনে কেন্দ্রীয় শিক্ষার্থী সংসদ এবং ছাত্র সংসদ নির্বাচনের জন্য ৩১২ জন শিক্ষার্থী মনোনয়নপত্র নিয়েছেন।

এর আগে, গত ৫ নভেম্বর ঘোষিত তফসিল অনুযায়ী, ১২ নভেম্বর চুড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করার হয়। ১৩ নভেম্বর চারজন মনোনয়নপত্র সংগ্রহ করেন। ১৬ নভেম্বরও চলেছে মনোনয়নপত্র বিতরণ, যা ১৭ নভেম্বর পর্যন্ত চলবে। ১৭ ও ১৮ নভেম্বর মনোনয়ন পত্র দাখিল, ১৯ ও ২০ নভেম্বর মনোনয়নপত্র বাছাই, ২৩ নভেম্বর প্রাথমিক প্রার্থী তালিকা প্রকাশ করা হবে। ২৪, ২৫ ও ২৬ নভেম্বর প্রার্থীদের আপত্তি গ্রহণ ও নিষ্পত্তি করা হবে।